# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

২৯. গাসসান খ্রিষ্টান প্রতিনিধি দল (وفد نصارى غسَّان)

সিরিয়া এলাকা হ’তে তিন সদস্যের এই খ্রিষ্টান প্রতিনিধি দলটি ১০ম হিজরীর রামাযান মাসে মদীনায় এসে ইসলাম কবুল করে। রাসূল (ছাঃ) তাদেরকে বহু উপঢৌকন প্রদান করেন। অতঃপর তাঁরা নিজ গোত্রে ফিরে গিয়ে ইসলামের প্রচার ও প্রসারে নিয়োজিত হন। কিন্তু কেউ তাদের দাওয়াত কবুল করেনি। তখন তারা তাদের ইসলাম গোপন রাখেন এবং সেভাবেই দু’জন মৃত্যুবরণ করেন। ওমর (রাঃ)-এর খেলাফতকালে সেনাপতি আবু ওবায়দাহ ইবনুল জাররাহর নেতৃত্বে সিরিয়া বিজয়ের সময়েও ঐ তিন জনের একজন জীবিত ছিলেন। তিনি তাঁকে উচ্চ সম্মান প্রদান করেন’ (যাদুল মা‘আদ ৩/৫৮৪)।

[শিক্ষণীয় : অমুসলিমদের কখনোই জোর করে মুসলমান করা হয়নি, এটি তার অন্যতম প্রমাণ।]

Source — https://www.hadithbd.com/books/link/?id=5699

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন